দৈনিক ইত্তেফাক

তারিখ 22 MAR 2012
পৃষ্ঠা ২৪ কলাম ৬

# স্কুলে যাবার খরচ বেড়েছে

## শিশুদের মানসিক চাপ সৃষ্টি হচ্ছে

■ ইত্তেফাক রিপোর্ট

চাইল্ড পার্লামেন্ট পরিচালিত শিক্ষা খাতে ব্যয়: পরিবার ও শিশুদের উপর প্রভাব বিষয়ক জরিপে বলা হয়েছে, ২০১০ অর্থবছরের তুলনায় ২০১১ সালে ছাত্র-ছাত্রীদের থেকে স্কুলে যাবার খরচ তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। এটি তাদের উপর সরাসরি মানসিক চাপ তৈরি করছে।

১০ম অধিবেশন উপলক্ষে দেশের ৬৪টি জেলায় অনুষ্ঠিত এই জরিপে ২৪২ শিশু অংশগ্রহণ করে। এরমধ্যে ছেলে ১২১ এবং মেয়ে ১২১ জন। অভিভাবক অংশগ্রহণ ২০৩ জন। গতকাল বুধবার রাজধানীর আগারগাঁওয়ে এলজিইডি পৃষ্ঠা ২ কলাম ৭

## স্কুলে যাবার খরচ

২৪ পৃষ্ঠার পর

মিলনায়তনে চাইল্ড পার্লামেন্টের ১০ম অধিবেশনে জরিপের এ তথ্য প্রকাশ করা হয়। সেভ দ্য চিলড্রেন, মানুষের জন্য ফাউন্ডেশন ও প্লান বাংলাদেশ এ অনুষ্ঠানের আয়োজন করে। জরিপে অংশ নেয়া ৯৩ দশমিক ৪ শতাংশ শিশুর মতে, শিক্ষা উপকরণের মূল্যবৃদ্ধি পেয়েছে। পাশাপাশি ৯৫ শতাংশ শিশু বলেছে, ২০১০ এর তুলনায় ২০১১ সালে লেখাপড়ার খরচ বৃদ্ধি পেয়েছে। ২০১১ সালে স্কুলে ভর্তি ফি বেড়েছে ২৪ দশমিক ৮৭ শতাংশ এবং স্কুলের বেতন বেড়েছে ৮ দশমিক ২৫ শতাংশ।

গতকালের অধিবেশনে ৬৪ জেলা থেকে একজন করে চাইল্ড পার্লামেন্ট প্রতিনিধি ও দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ২০ জন শিশু প্রতিনিধিসহ মোট ৮৪ জন শিশু প্রতিনিধি অংশগ্রহণ করে। দেশের বর্তমান পরিস্থিতিতে 'শিক্ষাখাতে ব্যয়: পরিবার এবং শিশুদের উপর প্রভাব' বিষয়ে চাইল্ড পার্লামেন্ট প্রতিনিধিদের জরিপ তথ্য ও বিশিষ্ট ব্যক্তিদের মতামতের ভিত্তিতে তৈরি একটি কর্মপত্র অধিবেশনে উপস্থাপিত ও আলোচিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন, কোচিং বাণিজ্য-এটি অনৈতিক। কোচিং বাণিজ্য শিক্ষা জীবনকে ক্ষতিগ্রস্ত করছে।

তিনি বলেন, কোচিং বাণিজ্য বন্ধ করা হবে কিন্তু তার জন্য সময় প্রয়োজন। কোচিং বাণিজ্য বন্ধে ইতোমধ্যে স্কুলের প্রধান শিক্ষকের কাছে জড়িত শিক্ষকদের তালিকা চেয়ে চিঠি পাঠানো হয়েছে। শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়ন করেছে। এখন সরকার এ নীতি বাস্তবায়নে কাজ করছে। বর্তমান সরকার ৯৯ ভাগের বেশি শিশুকে স্কুলে আনতে সক্ষম হয়েছে। তবে এখনও দেখা গেছে ৫০ শতাংশ শিশু ৫ম শ্রেণী পর্যন্ত পড়ে ঝরে পড়ছে। দারিদ্র্যের কারণে ঝরেপড়া বন্ধ করতে সম্প্রতি প্রধানমন্ত্রীর শিক্ষা ট্রাস্ট তহবিল জাতীয় সংসদে পাস হয়েছে। এ তহবিল থেকে শিক্ষা ক্ষেত্রে অতিদরিদ্রদেরকে সহায়তা প্রদান করা হবে।